

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৫৭

পানিসাগর, ২২, জানুয়ারি, ২০২৪

### পানিসাগর মহকুমাভিত্তিক পূর্ণরাজ্য দিবস উদযাপন

পানিসাগর মহকুমা প্রশাসন এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে গতকাল পানিসাগর মহকুমা ভিত্তিক ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হয়। পানিসাগর মোটরস্ট্যাড প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক বিনয়ভূষণ দাস। অনুষ্ঠানের উদ্বোধক বিধায়ক বিনয়ভূষণ দাস, মুখ্য আলোচক পানিসাগর বিদ্যালয় পরিদর্শক সুজিৎ রুদ্রপাল পূর্ণরাজ্য দিবস উদযাপনের গুরুত্ব ও তাৎপর্য নিয়ে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান লক্ষীকান্ত দাস, পানিসাগর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক নবব্রত দত্ত, পানিসাগর নগর পঞ্চায়েতের কাউন্সিলার পাপিয়া দাস প্রমুখ। অনুষ্ঠানে উদ্বোধনী সংগীত পরিবেশন করেন স্থানীয় শিল্পীগণ। এছাড়া পানিসাগর এলাকার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

\*\*\*\*\*